ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৫৮৮

বিলোনীয়া, ৪ নভেম্বর ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

প্রতিবাদী কলম পত্রিকায় গত ৩০ অক্টোবর ২০২৫ তারিখে "ল্যাপটপ ক্রয়ে কেলেঙ্কারি" শিরোনামে প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে জনজাতি কল্যাণ দপ্তরের অধীন সোসাইটি ফর টিআরইএসপি জানাচ্ছে যে উক্ত সংবাদপত্রে প্রকাশিত অভিযোগগুলি প্রকৃতপক্ষে ভুল, বিভ্রান্তিকর। সর্বসাধারনের অবগতির জন্য সঠিক তথ্য নীচে বিস্তারিত দেওয়া হয়েছে।

ল্যাপটপ ক্রয় প্রক্রিয়ায় অনিয়ম ও পক্ষপাতিত্বের অভিযোগ সম্পর্কিত সংবাদে উল্লিখিত বিষয়গুলির পরিপ্রেক্ষিতে, নিম্নলিখিত পয়েন্টভিত্তিক ব্যাখ্যা প্রদান করা হচ্ছে :

(ক) প্রকল্পের প্রয়োজনীয়তা অনুযায়ী ল্যাপটপের বেশ কিছু স্পেসিফিকেশন নির্ধারণ করা হয়েছিল। DIT, TSAC, TWD, NHM ও TRESP-এর বিভিন্ন সদস্যদের সমন্বয়ে একটি টেকনিক্যাল কমিটি গঠন করা হয়েছে যারা এই স্পেসিফিকেশনগুলি পর্যালোচনা ও অনুমোদন করেছে।

(খ) টেকনিক্যাল কমিটির অনুমোদনের পর, দরপত্রটি সরকারি GeM (Government e-Marketplace) প্ল্যাটফর্মে উন্মুক্ত ও স্বচ্ছ বিডিং প্রক্রিয়ার জন্য প্রকাশ করা হয়।

(গ) অনুমোদিত স্পেসিফিকেশনগুলি মানসম্মত এবং বাজারে উপলব্ধ সকল স্বনামধন্য ল্যাপটপ বিক্রেতাদের পণ্যগুলির সাথে সঙ্গতিপূর্ণ ছিল। কোনো শর্ত আরোপ করা হয়নি যা কোনো নির্দিষ্ট ব্র্যান্ড বা সরবরাহকারীকে সুবিধা দেয়। উপরন্তু কোনো এজেন্সী থেকে ২০ হাজার কোটি টাকার টার্নওভার ও চায় নি।

(ঘ) দরপত্র প্রকাশের পর, বিভিন্ন দরদাতা GeM পোর্টালের মাধ্যমে প্রশ্ন ও উপস্থাপনা জমা দেন। সকল প্রশ্ন যথাযথভাবে নিষ্পত্তি করা হয় এবং স্পষ্টিকরণগুলি একই পোর্টালে প্রকাশ করা হয়। দরপত্র জমাদানের শেষ তারিখও বর্ধিত করা হয় যাতে আগ্রহী সকল দরদাতারা পর্যাপ্ত সময় পান।

(ঙ) নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র খোলা হয় এবং সমস্ত নথি ও আর্থিক প্রস্তাব যথাযথভাবে Technical, Financial এবং Higher Purchase কমিটির মাধ্যমে পর্যালোচনা করা হয়, যেখানে DIT, TSAC, TWD, NHM ও TRESP-এর বিভিন্ন সদস্যরা ছিলেন।

(চ) মূল্যায়নের ভিত্তিতে যোগ্য দরদাতাদের চুক্তি প্রদান করা হয়। উল্লেখ্য যে দুটি পৃথক দরপত্রের ক্ষেত্রে দুটি ভিন্ন দরদাতাকে সম্পূর্ণ স্বচ্ছ ও ন্যায্য প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত করা হয়েছে।

উপরোক্ত তথ্যানুসারে, সমগ্র প্রক্রিয়াটি বিশ্বব্যাংকের নির্দেশিকা ও ক্রয়বিধির সাথে সম্পূর্ণ সামঞ্জস্য রেখে পরিচালিত হয়েছে, যাতে প্রতিটি ধাপে স্বচ্ছতা, ন্যায্যতা ও প্রতিযোগিতার নীতি বজায় থাকে। দপ্তর তার সকল কার্যক্রমে স্বচ্ছতা, ন্যায্যতা ও দায়বদ্ধতা বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

*****